যুগান্তর

তারিখ 02 AUG 2007
পৃষ্ঠা ৪ কলাম ৩

# মাদ্রাসা শিক্ষায় আধুনিকতা প্রয়োজন

আমাদের দেশের মাদ্রাসাগুলোর অবস্থা বেহাল। টাকা-পয়সার অভাবে মাদ্রাসাগুলো ঠিকভাবে চলছেও না। মাদ্রাসার ছাত্রছাত্রীদের ভবিষ্যৎ কি? সরকারকে এ ব্যাপারে দৃষ্টি দিতে হবে। শুধু ধর্মীয় শিক্ষা নয়, কারিগরি শিক্ষায় মাদ্রাসার ছাত্রছাত্রীকে গড়ে তুলতে হবে যেন তারা শিক্ষাজীবন শেষে বেকার না থাকে। আর বেকাররা বেকারত্বের অভিশাপ দূর করতে অনেক সময় অন্যের প্ররোচনায় বিপদগামী হয়ে পড়ে।

সর্বস্তরের মাদ্রাসা শিক্ষার ক্ষেত্রে নতুন পাঠ্যক্রম চালু করতে হবে। নতুন পাঠ্যক্রমে আরবি ভাষা শিক্ষার পাশাপাশি রাষ্ট্রবিজ্ঞান, কম্পিউটার, অ্যাপ্লিকেশন এবং বাধ্যতামূলকভাবে বাংলা ও ইংরেজি থাকবে। অন্য বিষয়গুলো যেমন— ইতিহাস, ভূগোল, বিজ্ঞান প্রভৃতি তো আছেই। এ সবকিছু কার্যকর রূপ পেলে মাদ্রাসা শিক্ষা অবশ্যই আধুনিক শিক্ষার সমতুল্য হয়ে উঠবে। এর ফল হবে সুদূরপ্রসারী। আমাদের দেশের কওমি মাদ্রাসাসহ সব



ধর্মভিত্তিক মাদ্রাসায় শিক্ষার পর হাজার হাজার কর্মক্ষম যুবকরা যখন বেরিয়ে আসে তখন তাদের চোখের সামনে ভাসতে থাকে এক অনিশ্চিত বর্তমান ও অন্ধকারাচ্ছন্ন ভবিষ্যৎ। ধর্মীয় শিক্ষার ব্যাপারে মুসলমান হিসেবে আমাদের কারও কোন বাধা বা আপত্তি থাকার কথা নয়। কিন্তু নিছক ধর্মীয় শিক্ষা অবশ্যই ব্যবহারিক জীবন থেকে নিজেকে বিচ্ছিন্ন করে দেয়। তাই মাদ্রাসা শিক্ষার পাঠ্যক্রমে সংস্কার বর্তমান সময়ের পরিপ্রেক্ষিতে জরুরি হয়ে পড়েছে।

মাদ্রাসা শিক্ষা ব্যবস্থার প্রতি মানুষের ভুল ধারণাও দূর করতে হবে। কারণ মাদ্রাসার ছাত্রছাত্রীরাও আমাদের সন্তান। তাদের প্রতি দুর্ব্যবহার নয় সম্মান দেখানো আমাদের সবার দায়িত্ব। মাদ্রাসাগুলোতে বিদেশীর পরিবর্তে দেশীয় সাহায্য ও সহযোগিতার হাত বৃদ্ধি করতে হবে। এ ব্যাপারে সাহায্য ও অনুমোদনের মাপকাঠি আরও বাড়াতে হবে। দেশের স্বার্থে মাদ্রাসা শিক্ষার আধুনিকতার ব্যাপারে দলমত নির্বিশেষে সবাইকে এগিয়ে আসতে হবে।

**মাহবুব উদ্দিন চৌধুরী**
ফরিদাবাদ, ঢাকা